

স্কুলে ভর্তির স্বাস্থ্যের নথিপত্রের প্রয়োজনীয়তাসমূহ

আর্লিংটন পাবলিক স্কুলস (APS) ও স্টেট অব ভার্জিনিয়ার প্রথমবার স্কুলে ভর্তি হতে যাওয়া শিক্ষার্থীদের ক্ষেত্রে নিম্নলিখিত স্বাস্থ্যের নথিপত্র প্রদান করার প্রয়োজন:

1. শারীরিক পরীক্ষা: http://apsva.us/wp-content/uploads/2015/02/school_entrance_form.pdf

প্রাক-স্কুল থেকে শুরু করে 5^ম শ্রেণীতে পর্যন্ত ভর্তি হতে যাওয়া সকল নতুন শিক্ষার্থীর একটি শারীরিক পরীক্ষার (স্কুলে ভর্তির অনধিক একবছর আগে সম্পূর্ণ করা) প্রয়োজন রয়েছে। তদতিরিক্ত, সকল কিন্ডারগার্টেন শিক্ষার্থীর জন্য একটি করে নতুন শারীরিক পরীক্ষার প্রয়োজন, এমনকি সেই শিক্ষার্থী এর আগে APS প্রাক-স্কুল কার্যক্রমে তা প্রদান করে থাকলেও।

2. যক্ষ্মা পরীক্ষণ:

TB এর ঝুঁকি মূল্যায়নের নেগেটিভ নথিভুক্তি (<https://www.apsva.us/wp-content/uploads/2018/05/TB-Risk-Assessment-for-Students-Updated-2.18.pdf>) অথবা স্কুলে ভর্তির অনধিক একবছর আগে একটি TB পরীক্ষণ

(স্বক বা রক্ত) পরীক্ষা সম্পূর্ণ করার ফলাফল সকল নতুন APS শিক্ষার্থীর জন্য প্রয়োজনীয়। TB পরীক্ষণ পরীক্ষাটি পজিটিভ হলে ভর্তির আগে একটি লক্ষণ মূল্যায়নের প্রয়োজন এবং স্কুল শুরু হওয়ার পরের 21 দিনের মধ্যে বুকের একটি এক্স-রে করানোর প্রয়োজন। এর আগে APS-এ প্রাক-স্কুল শিক্ষার্থী হিসেবে রেজিস্টার্ড শিক্ষার্থীদের TB এর ঝুঁকির মূল্যায়ন নেগেটিভ হওয়া অথবা কিন্ডারগার্টেনের প্রথমদিনের অনধিক একবছর আগে TB পরীক্ষণ পরীক্ষা সম্পূর্ণ করা আবশ্যিক।

3. টিকাকরণসমূহ:

স্কুল ভর্তির জন্য অসংখ্য টিকাকরণের প্রয়োজন রয়েছে। নিচে সাধারণ টিকা নেওয়ার প্রয়োজনীয়তাগুলি দেখানো হয়েছে। এই প্রয়োজনীয়তাগুলি সম্পর্কে আরও নির্দিষ্ট বিবরণের জন্য এই ওয়েবসাইটটি দেখুন:

<http://www.vdh.virginia.gov/immunization/requirements/>

- ডিপথিরিয়া, টিটেনাস ও পার্টুসিস (DTaP, DTP, or Tdap)** – 4^{র্থ} জন্মদিনে বা তার পরে একটি সহ অন্ততপক্ষে 4টি DTP/DTaP (ডিপথিরিয়া / টিটেনাস / পার্টুসিস) অথবা 7 বছর বা তার বেশি বয়স হলে 3 Tds (টিটেনাস/ডিপথিরিয়া)। 11 বছর বয়স হয়েছে এমন সকল শিক্ষার্থীর একটি Tdap বুস্টার নেওয়ার প্রয়োজন।
- পোলিওর টিকা** – অন্ততপক্ষে 4টি ডোজ। চতুর্থ জন্মদিনে বা তার পরে একটি ডোজ দেওয়া আবশ্যিক।
- হেপাটাইটিস B টিকা** – সকল শিক্ষার্থীর জন্য হেপাটাইটিস B টিকার 3টি ডোজের সম্পূর্ণ শ্রেণীর প্রয়োজন রয়েছে। দ্রষ্টব্য - FDA কেবলমাত্র 11-15 বছর বয়সী কিশোর-কিশোরীদের জন্য এবং কেবলমাত্র Merck ব্র্যান্ডের (রিকম্বিন্যান্ট HB) অ্যাডাল্ট ফর্মুলেশন হেপাটাইটিস B টিকা ব্যবহার করা হলেই একটি 2-ডোজের সময়সূচির অনুমতি দেয়। 11-15 বছর বয়সী কিশোর-কিশোরীদের জন্য একটি 2-ডোজের সময়সূচি ব্যবহৃত হলে তা স্কুলের ফর্মে স্পষ্টভাবে নথিভুক্ত থাকা আবশ্যিক।
- হাম, মাম্পস ও রুবেলা (MMR) এর টিকা** – অন্ততপক্ষে 2টি ডোজ। বেশিরভাগ শিক্ষার্থী MMR টিকার একটি সমাহার পায় – যদিও, টিকাগুলি এককভাবে দেওয়া হলে অন্ততপক্ষে হামের জন্য 2টি, মাম্পসের জন্য 2টি ও রুবেলার জন্য 1টি টিকার প্রয়োজন। প্রতিটি উপাদানের প্রথম ডোজ (অথবা MMR টিকার সমাহারের জন্য) 12 মাস বা তার বেশি বয়সে এবং দ্বিতীয় ডোজ কিন্ডারগার্টেনে ভর্তির আগে দেওয়া আবশ্যিক।
- ভ্যারিসেলা (জলবসন্ত) টিকা** – অন্ততপক্ষে 2টি ডোজ। প্রথম ডোজ 12 মাস বা তার বেশি বয়সে এবং দ্বিতীয় ডোজ কিন্ডারগার্টেনে ভর্তির আগে দেওয়া আবশ্যিক। (ব্যতিক্রম – যে সকল শিক্ষার্থী 3 মার্চ, 2010 তারিখের আগে কিন্ডারগার্টেনে প্রবেশ করেছে তাদের জন্য মাত্র 1টি ডোজ নেওয়ার প্রয়োজন রয়েছে)।
- হিউম্যান প্যাপিলোমাভাইরাস ভ্যাকসিন (HPV)** – CDC এর দ্বারা মেয়েদের ও ছেলেদের উভয়ের জন্যই 11 – 12 বছর বয়সে রুটিন টিকাকরণের সুপারিশ করা হয়। 15 বছরের কমবয়সী শিক্ষার্থীদের জন্য 2টি ডোজের সুপারিশ করা হয়; 15 বছর বা তার বেশি বয়সের জন্য 3টি ডোজের। ষষ্ঠ শ্রেণীতে ভর্তি হতে চলা মেয়েদের এই শ্রেণীর অন্তত প্রথমটি নেওয়ার প্রয়োজন, তবে পিতামাতাগণ জরিমানা ছাড়াই না নেওয়া বেছে নিতে পারেন।
- হিমোফাইলাস ইনফ্লুয়েঞ্জি টাইপ b (Hib) টিকা** – এই টিকাটি কেবলমাত্র 60 মাসের কমবয়সী শিক্ষার্থীদের জন্যই প্রয়োজন। প্রয়োজনীয় ডোজের সংখ্যা প্রথম ডোজ নেওয়ার বয়সের উপর নির্ভর করবে।

h. নিউমোকক্কাল (PCV) টিকা – এই টিকাটি কেবলমাত্র 60 মাসের কমবয়সী শিক্ষার্থীদের জন্যই প্রয়োজন। প্রথম ডোজ নেওয়ার বয়সের উপর নির্ভর করে এক থেকে চারটি ডোজ নেওয়ার প্রয়োজন।

স্বাস্থ্য ভর্তির ফর্ম পেতে অনুগ্রহ করে এই ওয়েবসাইটটি দেখুন: <https://www.apsva.us/registering-your-student>
অথবা আপনার স্কুলের রেজিস্ট্রার বা ক্লিনিকের কর্মীর কাছে জেনে নিন।